

তারিখ : ২৬ মার্চ, ২০২৫ খ্রি.

প্রেস বিজ্ঞপ্তি

মহান স্বাধীনতা দিবসে বীর শহিদদের স্মৃতিতে পিবিপ্রবির শ্রদ্ধা নিবেদন



মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উপলক্ষে পিরোজপুর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (পিবিপ্রবি) পক্ষ থেকে একাত্তরের মহান মুক্তিযুদ্ধের বীর শহিদদের প্রতি শ্রদ্ধা নিবেদন করা হয়েছে।

অদ্য ২৬ মার্চ ২০২৫, বুধবার সকালে বিশ্ববিদ্যালয়ের পক্ষ থেকে পিরোজপুর শহরস্থ ভাগীরথী চত্বরের শহীদ স্মৃতি স্তম্ভে পুষ্পস্তবক অর্পণের মধ্য দিয়ে বীর শহিদদের শ্রদ্ধা জানানো হয়। পরে মহান স্বাধীনতা সংগ্রামে আত্মোৎসর্গকারী সকল বীর শহিদদের আত্মার মাগফেরাত ও শান্তি কামনা করা হয়।

শ্রদ্ধা নিবেদনকালে বিশ্ববিদ্যালয়ের শিক্ষক এবং কর্মকর্তা-কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন।

এর আগে দিবসটি উপলক্ষে সূর্যোদয়ের সাথে সাথে বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ভবন প্রাঙ্গণে জাতীয় পতাকা উত্তোলন করা হয়।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

স্বা/-

(মুশাহিদ হোসেন তালুকদার)

প্রকাশনা ও জনসংযোগ দপ্তর

প্রয়োজন: ০১৫২১-২১১৩৬৩